দৈনিক ইত্তেফাক

তারিখ 13 FEB 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

167

# উত্তরাঞ্চলের ১৪টি জেলায় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নাই

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ রাজশাহী বিভাগের ১৬টি জেলার মধ্যে ১৪টি জেলায় জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা না থাকায় সংশ্লিষ্ট এলাকাগুলিতে প্রাথমিক শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হইতেছে। দিনাজপুর ও লালমনিরহাট জেলা ব্যতীত পঞ্চগড়, ঠাকুরগাঁও, গাইবান্ধা, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ জেলায় দীর্ঘদিন যাবৎ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নাই। এই সমস্ত জেলায় সদর থানা শিক্ষা কর্মকর্তাগণ বা অন্য কেহ দায়িত্বে আছেন।